

PRINT

# সমকাল

## আবরার ফাহাদ হত্যার প্রতিবাদ বিক্ষোভে উত্তাল সারাদেশ

১০ ঘন্টা আগে

### সমকাল ডেক্স



বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যার বিচার দাবিতে গতকাল মঙ্গলবার দেশের বিভিন্ন স্থানে বিক্ষোভসহ নানা কর্মসূচি পালিত হয়েছে। এসব কর্মসূচিতে অংশ নেন শিক্ষক-শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। বিস্তারিত ব্যরো, নিজস্ব প্রতিবেদক, অফিস, প্রতিনিধি ও সংবাদদাতার পাঠানো খবরে-

**নারায়ণগঞ্জ :** প্রথমে সর্বস্তরের সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে নগরের চাষাঢ়া শহীদ মিনারের সামনে মানববন্ধন এবং এরপর প্রগতিশীল ছাত্র জোটের ব্যানারে একই স্থানে বিক্ষোভ সমাবেশ হয়।

চবি : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারে পোষ্টার নিয়ে একাই অবস্থান নেন পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থী খালেদ সাইফুল্লাহ। নগরের ঘোলশহর রেলওয়ে স্টেশনে মানববন্ধন করেন বিশ্ববিদ্যালয়টির শিক্ষার্থীরা। এ ছাড়া বিবৃতি দিয়েছে বিশ্ববিদ্যালয় ছাত্র ইউনিয়ন।

ইবি : দ্বিতীয় দিনের মতো ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল, মানববন্ধন ও সমাবেশ করেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

মিঠাপুকুর (রংপুর) সেফায়েতুল ইসলাম জিওন আবরার হত্যাকাণ্ডে সরাসরি অংশ নেয় বলে জানা গেছে। ছাত্রলীগের বুয়েট শাখার ক্রীড়া সম্পাদক জিওন মিঠাপুকুর উপজেলার দুর্গাপুর ইউনিয়নের ধলারপাড়া গ্রামের শহিদুল ইসলামের ছেলে।

খুলনা : নগরীর শিববাড়ী মোড়ে 'আগুয়ান-৭১' নামের সংগঠনের ব্যানারে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা মানববন্ধনে অংশ নেন।

ব্রাক্ষণবাড়িয়া : ব্রাক্ষণবাড়িয়া প্রেস ক্লাবের সামনে বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা মানববন্ধন করেন। বক্তব্য দেন জুয়েল, সুজন আকবর ও মিজানুর রহমান।

জাবি : বিক্ষোভ মিছিল ও ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। দুই ঘণ্টা ধরে চলা অবরোধে ঢাকা-আরিচা মহাসড়কে আটকে পড়ে সহস্রাধিক যানবাহন। নবীনগর ও সাভার পর্যন্ত রাস্তার দু'ধারে শুরু হয় তীব্র যানজট।

রাবি : মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। পুলিশের বাধা উপেক্ষা করে তারা মহাসড়কে অবস্থান নেন। পুলিশের সঙ্গে শিক্ষার্থীদের কয়েক দফা ধাক্কাধাক্কি ও হয়।

সিলেট : নগরীতে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছেন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষার্থীরা। বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ নামে সংগঠন ওই কর্মসূচি পালন করে। এ ছাড়া বিভিন্ন সংগঠন বিবৃতি দিয়েছে। উদ্বেগ জানিয়েছে বাংলাদেশ আনজুমানে তালামীয়ে ইসলামিয়া।

বরিশাল : ব্রজমোহন কলেজের (বিএম) শিক্ষার্থীরা এবং ছাত্র ফেডারেশন ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট পৃথকভাবে কর্মসূচি পালন করেছে। এ ছাড়া বিএম কলেজের একদল শিক্ষার্থী গায়েবি জানাজা নামাজ আদায় করেন। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট ও ছাত্র ফেডারেশন নগরীর সদর রোডে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা করেছে।

রংপুর : বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নগরীর মডার্ন মোড় এলাকায় রংপুর-ঢাকা মহাসড়ক অবরোধ

করে বিক্ষোভ করেন। পরে সেখান থেকে বিক্ষোভ মিছিল করে বিশ্ববিদ্যালয়ের সামনে এসে মানববন্ধন করে। লালবাগ এলাকায় কারমাইকেল কলেজের শিক্ষার্থীরা এবং নগরীর বঙ্গবন্ধুর মুরাল চতুর এলাকায় বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীরা মানববন্ধন করে।

**ফরিদপুর :**সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে মানববন্ধন করা হয়। অন্যদের মধ্যে বক্তব্য দেন আবরার নাদিম ইতু ও মুনতাকিম মেহেরাব।

**নোয়াখালী :**নোয়াখালী প্রেস ক্লাবের সামনে মানববন্ধন-সমাবেশ করেন বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। আন্দোলনকালে পুলিশ বাধা দেওয়া ও লাঠিচার্জের চেষ্টা করেছে বলে তাদের অভিযোগ।

**শিবগঞ্জ (চাঁপাইনবাবগঞ্জ) :**শিবগঞ্জ পৌর এলাকার সরকারি মডেল হাই স্কুল চতুরে প্রতিবাদ মিছিল ও মানববন্ধন করা হয় সাধারণ ছাত্র সমাজের ব্যানারে।

**গাজীপুর :**ক্যাম্পাসের সামনে ঢাকা-শিমুলতলী সড়কে মানববন্ধন করেছেন ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) শিক্ষার্থীরা।

---

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি। প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫২৯৯৭ (অনলাইন)। ইমেইল :  
ad.samakalonline@outlook.com